# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১১৬

১/ বিবিধ

আরবী

نهانا (يعني أهل فارس) أن ننكح نساء العرب
ضعيف جدا

رواه الطبراني في " الأوسط " (1/163/2) عن الهيثم بن محفوظ السعدي: نا أبو إسرائيل عن السري بن إسماعيل عن الشعبي عن عبد الرحمن بن يعلى عن سلمان الفارسي قال: فذكره وقال
" لم يروه عن ابن أبي يعلى إلا الشعبي ولا عنه إلا السري ولا عنه إلا أبو إسرائيل تفرد به الهيثم
قلت: قال الذهبي
" لا يدرى من هو "
والسري بن إسماعيل ضعيف جدا كما قال الساجي، وقال النسائي
متروك الحديث ". وكذا قال أبو داود، وبه أعله الهيثمي في " المجمع " (4/275)
وقد روي من طريق أخرى، يرويه شريك بن عبد الله عن أبي إسحاق عن الحارث عن سلمان فقال
" نهانا رسول الله صلى الله عليه وسلم أن نتقدم إمامكم، أوننكح نساءكم
أخرجه البيهقي (7/134) وقال: " ورويَ ذلك من وجه آخر ضعيف عن سلمان
قلت: كأنه يشير إلى الطريق الأولى
والحارث هو الأعور، وهو متروك أيضا

وشريك ضعيف لسوء حفظه وقد خولف في إسناده، فرواه جماعة من الثقات عن أبي إسحاق بإسناد آخر موقوفا
أخرجه البيهقي وغيره، وقال البيهقي: " هذا هو المحفوظ: موقوف
قلت: ومداره على أبي إسحاق وهو السبيعي وهو مدلس وكان اختلط، وقد تكلمت على حديثه هذا الموقوف في " الإرواء " (1632) بما يكفي

বাংলা

১১১৬। তিনি আমাদেরকে (অর্থাৎ ফারসীদেরকে) আরব নারীদের সাথে বিবাহ করতে নিষেধ করেছেন।

হাদীসটি খুবই দুর্বল।

এটিকে ত্ববারানী “আল-আওসাত” গ্রন্থে (১/১৬৩/২) হায়সাম ইবনু মাহফুয আস-সায়াদী হতে, তিনি আবু ইসরাঈল হতে, তিনি আস্‌সারীউ ইবনু ইসমাঈল হতে, তিনি শা’বী হতে, তিনি আব্দুর রহমান ইবনু আবী ইয়ালা হতে, তিনি সালমান আল-ফারেসী (রাঃ) হতে বর্ণনা করেছেন।

ত্ববারানী বলেনঃ ইবনু আবী ইয়ালা হতে শা’বী এককভাবে, শা’বী হতে আস-সারীউ এককভাবে, আস-সারীউ হতে আবু ইসরাঈল এককভাবে এবং আবু ইসরাঈল হতে হায়সাম একাকী বর্ণনা করেছেন।

হাফিয যাহাবী বলেনঃ কে এই হায়সাম তাকে চেনা যায় না।

আর আস-সারীউ ইবনু ইসমাঈলকে সাজী খুবই দুর্বল আখ্যা দিয়েছেন। নাসাঈ বলেনঃ তিনি মাতরূকুল হাদীস। আবু দাউদও অনুরূপ মন্তব্য করেছেন। হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (৪/২৭৫) একই সমস্যা বর্ণনা করেছেন।

হাদীসটিকে ভিন্ন ভাষায় অন্য সূত্রে আবু ইসহাক হতে শুরায়েক ইবনু আবদিল্লাহ তিনি আল-হারিস হতে, তিনি সালমান হতে বর্ণনা করেছেন। এটিকে বাইহাকী (৭/১৩৪) বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ হারিস হচ্ছেন আল-আওয়ার। তিনিও মাতরূক। আর বর্ণনাকারী শুরায়েক তার মুখস্থ বিদ্যা মন্দ হওয়ার কারণে দুর্বল। তার সনদের মধ্যে বিরোধিতা করেও বর্ণনা এসেছে। আর একদল নির্ভরযোগ্য বর্ণনাকারী আবূ ইসহাক হতে ভিন্ন সনদে মওকুফ হিসেবে বর্ণনা করেছেন। এটিকে বাইহাকী প্রমুখ বর্ণনা করেছেন। বাইহাকী বলেনঃ মওকুফ হওয়াটাই নিরাপদ।

আমি (আলবানী) বলছিঃ এ হাদীসটির কেন্দ্রবিন্দু হচ্ছে আবু ইসহাক আস-সুবাইয়ী। তিনি মুদল্লিস। তার মস্তিষ্ক বিকৃতি ঘটেছিল। তার এ মওকুফটির বিষয়ে "আল-ইরওয়া" গ্রন্থে (১৬৩২) আলোচনা করেছি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71995

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন